# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪০৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ টয়লেটে প্রবেশের সময় কী বলবে, তার বর্ণনা

ذِكْرُ مَا يَقُولُ الْمَرْءُ عِنْدَ دُخُولِهِ الْحَشَائِشِ

আরবী

1403 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ سَعِيدٍ السَّعْدِيُّ قال حدثنا علي بن خشرم قال: عِيسَى بْنُ يُونُسَ عَنْ شُعْبَةَ عَنْ قَتَادَةَ عَنِ الْقَاسِمِ الشَّيْبَانِيِّ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ إن رسول الله صلى الله عليه وسلم قَالَ: (إِنَّ هَذِهِ الْحُشُوشَ مُحْتَضَرَةٌ فَإِذَا أَرَادَ أَحَدُكُمْ أَنْ يَدْخُلَ فَلْيَقُلْ: أَعُوذُ بِاللَّهِ مِنَ الخبث والخبائث)

الراوي : زَيْدِ بْنِ أَرْقَمَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1403 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: الْحَدِيثُ مَشْهُورٌ عَنْ شُعْبَةَ وَسَعِيدٍ جَمِيعًا وَهُوَ مَا تَفَرَّدَ بِهِ قَتَادَةُ.

বাংলা

১৪০৩. যাইদ বিন আরকাম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই এই টয়লেটগুলোতে (দুষ্ট জিনেরা) উপস্থিত থাকে, কাজেই যখন তোমাদের কেউ টয়লেটে প্রবেশ করার ইচ্ছা করবে, তখন সে যেন বলে, أَعُوذُ بِاللَّهِ مِنَ الخبث والخبائث (আমি আল্লাহর কাছে নিকৃষ্ট নর ও নারী জিন থেকে আশ্রয় চাচ্ছি।)”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসটি শু‘বাহ ও সা’ঈদ উভয়ের থেকেই প্রশিদ্ধ, এটি কাতাদা রহিমাহুল্লাহ এককভাবে বর্ণনা করেছেন।”

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১; মুসনাদ আহমাদ: ৪/৩৩৭; ইবনু মাজাহ: ২৯৬; তাবারানী: ৫১০০; সুনান বাইহাকী: ১/৯৬; হাকিম: ১/১৮৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১০৭০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90717

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন